JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/9/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

50 বছর বিলম্বে গভর্নর কুওমো অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবেশের সুযোগ বাড়াতে নতুন এক্সিট 3 ঘোষণা করলেন

এক্সিট 3 শেষ পর্যন্ত নিউনর্থওয়ে-অ্যালবেনি বিমানবন্দর সংযোজকের সাথে বাস্তবে পরিণত হবে - যা নির্ধারিত সময় 2020 সালের আগেই 2019 সালের শেষ দিকে চালু হবে

নতুন বিমানবন্দরে পার্কিং গ্যারেজ এর নির্মাণ কাজ চলছে; যে প্রকল্পের আওতায় উন্নত এসক্যালেটর, অপেক্ষার স্থান এবং খাবারের দোকানসহ টার্মিনালও পুনর্বাসন করা হবে

এক্সিট 3 এর কাজ দেখা যাবে এখানে, পুনর্বাসিত টার্মিনালের কাজ দেখা যাবে এখানে, নতুন ভিডিও দেখা যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ এক নতুন এক্সিট 3 এর পরিকল্পনা ঘোষণা করেন যা অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে আরও সরাসরি প্রবেশের সুযোগ প্রদান করবে এবং নর্থওয়ের উত্তর ও দক্ষিণ উভয়মুখী যানবাহনের চাপ কমাবে। বাস্তবায়ন ছাড়াই প্রায় 50 বছর ধরে আলোচিত এই নতুন এক্সিট বিমানবন্দরের 104.6 মিলিয়ন ডলারের আধুনিকীকরণ প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ দিক, যাতে রয়েছে একটি নতুন পার্কিং গ্যারেজ নির্মাণ এবং বিমানবন্দর টার্মিনালের পুনর্বাসন।

"অ্যালবেনি বিমানবন্দরে সরাসরি প্রবেশের সুযোগ তৈরির বিষয়ে মানুষ 50 বছর ধরে আলোচনা করেছে এবং সমীক্ষা চালিয়েছে, কিন্তু তা কখনও বাস্তবায়িত হয়নি", **গভর্নর কুওমো বলেন।** "এখন আমরা সত্যিই তা সম্পন্ন করছি এবং নতুন এক্সিট 3 যানবাহনের চাপ কমাবে, বিমানবন্দরে প্রবেশ ত্বরান্বিত করবে, পরিবেশ উন্নত করবে ও আবারো প্রমাণ করবে যে, কাজ ও দক্ষতার সাথে বিনিয়োগ করলে ডিনামাইটের মত শক্তি পাওয়া যায় যা ক্যাপিটাল রিজিয়ন এবং উত্তরাঞ্চলে দেখা কর্মকাণ্ডের ন্যায় বিরাট অর্থনৈতিক বিস্ফোরণ ঘটায়।"

"অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে এসব সংযোজন এবং উন্নয়ন যান চলাচল সমস্যার নিরসন করবে এবং সামগ্রিক ভ্রমণের অভিজ্ঞতা সমৃদ্ধ করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নতুন এক্সিট 3 বিমানবন্দরে সরাসরি প্রবেশের সুবিধা প্রদান করবে, যা একটি নতুন পার্কিং গ্যারেজ এবং টার্মিনাল উন্নতকরণসহ আধুনিকীকরণ পরিকল্পনার অংশ। এই প্রকল্প আরও ভ্রমণকারী এবং ব্যবসা প্রতিষ্ঠানকে আকৃষ্ট করে এলাকায় পর্যটন বৃদ্ধি, এবং ক্যাপিটাল রিজিয়নের অর্থনীতি আরও শক্তিশালী করবে।"

50 বছরেরও বেশি পূর্বে অ্যাড্রনডাক নর্থওয়ে (Adirondack Northway) সম্পন্ন হওয়ার আগে, নর্থওয়ের সাথে একটি এক্সিট 3 যুক্ত করার জন্য ব্যাপক আলোচনা ও পরিকল্পনা করা হয়। বর্তমান অবয়ব অনুযায়ী নর্থওয়ে এক্সিট 2 এবং এক্সিট 4 এর মধ্যে উত্তর ও দক্ষিণ উভয়মুখী যাতায়াত সুবিধা প্রদান করে। নতুন এক্সিট হবে নর্থওয়ে-অ্যালবেনি বিমানবন্দর সংযোগকারী প্রকল্পের অংশ।

দু'টি অঙ্গরাজ্যের পৃষ্ঠপোষকতা সম্পন্ন প্রকল্পসমূহের হালনাগাদের সাথে এই এক্সিট 3 এর ঘোষণাটি আসলো, যা বিমানবন্দরকে বদলে দেবে এবং অ্যালবেনি কাউন্টির কলোনিতে অ্যাড্রনডাক নর্থওয়ে (ইন্টারস্টেট, I-87) থেকে এর সাথে একটি নতুন হাইওয়ে সংযোজক নির্মাণ করবে। গত আগস্টে গভর্নর বিমানবন্দর আধুনিকীকরণের জন্য 22.1 মিলিয়ন ডলার অর্থায়ন করেন এবং নর্থওয়ে বরাবর অ্যালবেনি বিমানবন্দর সংযোজক নির্মাণের জন্য 50 মিলিয়ন ডলার ঘোষণা করেন, যা যানজট কমাবে এবং প্রথমবারের মত বিমানবন্দরের সাথে সরাসরি সংযোগ সুবিধা প্রদান করবে। বিমানবন্দরের সাথে এই সরাসরি সংযোগ এখন হবে নতুন এক্সিট 3।

অ্যালবেনি বিমানবন্দর সংযোজক প্রকল্পটি 2020 সালের নির্ধারিত সময়ের চেয়ে এক বছর এগিয়ে 2019 সালের শেষ দিকে সম্পন্ন হওয়ার দিকে এগিয়ে যাওয়ার সাথে সাথে গত শরতে শুরু হওয়ার পর থেকে এই দুই প্রকল্প দ্রুত এগিয়েছে। নির্মাণ ও সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে বিমানবন্দর এবং হাইওয়ে সংযোজক প্রকল্প 1,300 এরও বেশি কর্মসংস্থান তৈরিতে সহায়তা করছে।

বিমানবন্দরের জন্য অঙ্গরাজ্যের 22.1 মিলিয়ন ডলারের অর্থায়ন অবকাঠামো আধুনিকীকরণের লক্ষ্যে 54.6 মিলিয়ন ডলারের এক প্রকল্পের অংশ এবং 200 মিলিয়ন ডলারের উত্তরাঞ্চলের বিমানবন্দরসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবন প্রতিযোগিতার (Upstate Airport Economic Development Revitalization Competition) মাধ্যমে সরবরাহ করা হয়েছে, যা গভর্নর কুওমো 2016 সালের তার স্টেট অব দ্য স্টেট ভাষণে প্রথম ঘোষণা করেন এবং পরবর্তীতে অঙ্গরাজ্যের 2017 সালের বাজেটে পাস করেন। আধুনিকীকরণ প্রকল্পের জন্য অন্যান্য তহবিল অ্যালবেনি কাউন্টি বিমানবন্দর কর্তৃপক্ষ এবং ফেডারেল সরকার সরবরাহ করেছে।

গভর্নর কুওমো'র 100 বিলিয়ন ডলারের অবকাঠামো নবায়ন পরিকল্পনার মাধ্যমে 50 মিলিয়ন ডলারের বিমানবন্দর সংযোজক প্রকল্পটিতে অর্থায়ন করা হয়।

এক্সিট 3-এ অ্যালবেনি বিমানবন্দর সংযোজক

আধুনিকীকরণ প্রচেষ্টা সম্পূর্ণ করাটা নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT) এর প্রকল্প, যা অ্যালবেনি কাউন্টির কলোনি শহরের অ্যাড্রন্ডাক নর্থওয়ের (I-87) এক্সিট 3-এ অ্যালবেনি বিমানবন্দর সংযোজক নির্মাণ করবে। 50 মিলিয়ন ডলারের এই প্রকল্প নর্থওয়ে থেকে অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে সরাসরি প্রবেশ সুবিধা প্রদান এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করবে।

NYSDOT এই প্রকল্প ত্বরান্বিত করেছে, যা প্রাথমিকভাবে এই বসন্তে শুরু হওয়ার কথা ছিল। এর পরিবর্তে প্রাথমিক কাজ গত শরতে শুরু হয়েছে এবং শীতের মাসগুলোতে কাজ চলমান রেখে প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে নেয়া হচ্ছে।

পূর্ব থেকে পশ্চিমে নর্থওয়ে "ফ্লাইওভার" সুবিধা দিয়ে একটি র‍্যাম্প নির্মাণের কাজ ভালভাবে চলছে। একই সাথে একটি মাটির বাঁধ নির্মাণ অব্যাহত রয়েছে, যা দক্ষিণগামী I-৪7-এর পশ্চিমে এক্সিট 3 এর জন্য তিনটি নতুন র‍্যাম্প এবং এক্সিট 4 ও এক্সিট 5 এর মধ্যে একটি নতুন সহায়ক ভ্রমণ লেনের ভারবহনে সহায়তা করবে।

নর্থওয়েতে উত্তরগামী যানবাহনের জন্য নতুন র‍্যাম্পটি "ফ্লাইওভার" সুবিধাসহ নর্থওয়ে বরাবর যাবে, ডেসমন্ড হোটেলের পশ্চিম দিকে এবং পিছনে ঘিরবে এবং বিমানবন্দরের কাছে অ্যালবেনি-শকার রোডের সাথে একটি নতুন টি-ক্রসিং-এ আসবে। নর্থওয়ের দক্ষিণগামী যানবাহনের জন্য একটি নতুন অফ-র‍্যাম্প (একমুখী রাস্তার ঢাল) তৈরি হবে ডেসমন্ড হোটেলের পিছন দিয়ে যাতায়াতের জন্য এবং সেটি একটি ফ্লাইওভার র‍্যাম্পের সাথে যুক্ত হবে, যা ওল্ড উলফ রোড এর যানবাহনের চাপ এড়িয়ে নতুন ক্রসিং এর দিকে যাবে।

নর্থওয়ের উভয় পাশের অবতরণ মোরের (abutment) সাথে সংযোগ স্থাপনের জন্য গত মাসে ঠিকাদার মধ্যবর্তী খিলানের উপর ইস্পাত স্থাপন করেছে, যা ভবিষ্যত "ফ্লাইওভার" এর র‍্যাম্পের ভিত্তি তৈরি করেছে। এই প্রক্রিয়া প্রায় এক সপ্তাহ সময় নিয়েছে এবং এখন এটি সম্পন্ন

বর্তমান উত্তরগামী এক্সিট 4 অপরিবর্তিত থাকবে। দক্ষিণগামী দিকে একটি নতুন এক্সিট 4 ওল্ড উলফ রোডে আরও ভালভাবে স্থানীয় প্রবেশ সুবিধা দেবে।

নিকটবর্তী অফ হাইওয়েতে (off the highway) উলফ রোড এবং মিটিং হাউস রোড (Meeting House Road) এর মধ্যে অ্যালবেনি শকার রোড প্রশস্ত এবং নতুন নিষ্কাশন সুবিধা ও কার্বিং স্থাপন করা হচ্ছে। জাতীয় গ্রিড (National Grid) সড়ক বরাবর বৈদ্যুতিক এবং গ্যাস লাইন স্থানান্তরের কাজও করছে।

এছাড়াও, প্রকল্পের পরিকল্পনার জন্য এক্সিট 5 – এ রুট 155 (ওয়াটারভিলেট-শকার রোড) থেকে দক্ষিণগামী নর্থওয়েতে একটি নতুন, সরাসরি অন-র‍্যাম্প আবশ্যক, যা হাইওয়ের দক্ষিণমুখী দিকের উল্টোদিকে বিদ্যমান র‍্যাম্পের চাহিদা পূরণ করবে। নতুন সহায়ক ভ্রমণের জন্য বাঁধ নির্মাণ শুরু হয়েছে।

উত্তরগামী দিকে টাইমস ইউনিয়ন বিল্ডিং সংলগ্ন অন-র‍্যাম্পটি রুট 155 এর জন্য এক্সিট 5 – এর দিকে পুরোপুরি সম্প্রসারিত করা হবে, যা গাড়ি চালকদের জন্য উত্তরমুখী নর্থওয়েতে মিশে যাওয়া এবং এক্সিট 5 দিয়ে হাইওয়ে ত্যাগ করা অধিকতর সহজ করে স্থানীয় যানবাহনগুলোর সুবিধা করে দেবে। এক্সিট 4 এবং 5 – এর মধ্যে একটি শব্দরোধী দেওয়াল (noise wall) তৈরির পরিকল্পনা করা হয়েছে।

যেসব যাত্রী উত্তরমুখী নর্থওয়ে থেকে বিমানবন্দরের উদ্দেশ্যে রওনা হবেন, প্রকল্পটি তাঁদের অতিরিক্ত দুটি ট্রাফিক লাইটের মধ্য দিয়ে যাওয়ার আবশ্যকতাকে দূর করবে। এই প্রকল্প দক্ষিণগামী নর্থওয়ে ভ্রমণকারীদের জন্য একটি অতিরিক্ত ট্র্যাফিক লাইটের প্রয়োজনীয়তা দূর করবে। এর ফলে ক্ষয়ক্ষতির হার এবং ভ্রমণের সময় হ্রাস পাবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

সংযোগকারী সড়কপথ (কানেক্টর রোড) এবং উলফ রোডের মধ্যে অ্যালবেনি শেকার রোডের দক্ষিণ দিকে সাইডওয়াল, এবং পাশাপাশি অ্যালবেনি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট এবং সংযোগকারী সড়কপথ (কানেক্টর রোড)- এর মধ্যে একটি ভাগ করে নেওয়া রাস্তা প্রদান করার মাধ্যমে প্রকল্পটি পথচারীদের এবং সাইকেলচালকদের সংযোগশীলতাও বৃদ্ধি করবে।

প্রতিদিন আনুমানিক 40,000-টি মোটর-চালিত যান নর্থওয়েতে বহির্গমন 4 ব্যবহার করে এবং দৈনিক আনুমানিক 102,000 -টি মোটর-চালিত যান সেই স্থানটিতে অ্যালবেনি-শেকার রোডের উপর দিয়ে যাওয়া-আসা করে।

অ্যালবেনি-শেকার রোডের উপর দিয়ে নর্থওয়ে বহনকারী সেতুগুলি প্রতিস্থাপন করতে, অক্টোবর 2015- এ স্টেটের পরিবহন বিভাগ (স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন) একটি 22.3 মিলিয়ন ডলারের প্রকল্প সম্পূর্ণ করেছে। বহির্গমন 4 – তে পরিকল্পিত কাজের দুটি পর্যায়ের এটি ছিল প্রথম পর্যায়। 1959 সালে আদি নর্থওয়ে নির্মাণকার্যের অংশ হিসাবে নির্মিত দুটি সেতুকে 2015 সালের প্রকল্পটি প্রতিস্থাপিত করে।

বিমানবন্দর সংযোজক সড়কের নির্মাণ বেসরকারি খাত কর্তৃক বাণিজ্যিক পুনর্নির্মাণ ও উন্নয়নের লক্ষ্যে বাণিজ্যিক জোনের পার্সেলের বৃহত্তর ট্র্যাকসমূহ মুক্ত করে দেবে। পিয়ডমন্ট এয়ারলাইন্স (Piedmont Airlines) সম্প্রতি বিমানবন্দরের জায়গায় নবায়িত হ্যাঙ্গারে তাদের লোকবল সম্প্রসারণের পরিকল্পনা ঘোষণা করায় এসব বিনিয়োগ ইতোমধ্যেই লভ্যাংশ পরিশোধ করছে।

অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর আধুনিকীকরণ

অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরের মূল টার্মিনাল মূলত 1928 সালে নির্মিত এবং তারপর 1962 সালে পুনর্নির্মিত হয়েছিল। এর শেষ উল্লেখযোগ্য সংস্কার হয় 1998 সালে। সেকেলে চেহারার এবং সীমিত পার্কিং সুবিধা সম্পন্ন এই বিমানবন্দরে বছরে প্রায় 1.4 মিলিয়ন লোক বিমানে আরোহণ করে। বিমানবন্দরের নতুন নকশায় রয়েছে:

- একটি নতুন পার্কিং গ্যারেজ - প্রকল্পটির মাধ্যমে একাধিক তলা বিশিষ্ট 1,000-ইউনিট পার্কিং গ্যারেজ নির্মাণ করা হবে, যা বিমানবন্দর পার্কিং ক্ষমতা 20 শতাংশ সম্প্রসারিত করবে। এই প্রি-কাস্ট কংক্রিট গ্যারেজ প্রকল্পে পদযাত্রীদের জন্য এয়ারপোর্ট টার্মিনালে যাওয়ার জন্য একটি উষ্ণ ওয়াকওয়ে থাকবে। জ্বালানি দক্ষ LED লাইট পার্কিং গ্যারেজ ও পথচারী সেতু আলোকিত করবে এবং তা যানবাহন ও পথচারীদের বর্ধিত নিরাপত্তা তৈরির অবস্থানে স্থাপন করা হবে। পার্কিং গ্যারেজ নির্মাণের কাজ চলছে। নতুন কাঠামোর

ভারবহনে 275 টিরও বেশি পাইল বসানো হয়েছে এবং কংক্রিট ফুটিং ঢালার কাজও শুরু হয়েছে।

নতুন পার্কিং গ্যারেজ নির্মাণ এবং জেটওয়ে ড্রাইভ স্থানান্তরের প্রস্তুতি হিসাবে বিমানবন্দর টার্মিনালের দক্ষিণে ভূগর্ভস্থ পরিসেবার উপাদান অপসারণ করা বা সরিয়ে নেওয়া হচ্ছে। এই পরিবর্তন বিমানবন্দর টার্মিনালের সামনে দিয়ে গাড়ি না চালিয়েই ভ্রমণকারীদের পার্কিং গ্যারেজ থেকে প্রস্থান এবং অ্যালবেনি শকার রোড ও নতুন নর্থওয়ে এক্সিট 4 ইন্টারচেঞ্জ-এ প্রবেশের সুযোগ করে দেবে। এর মধ্যে রয়েছেঃ

- পার্কিং-এ প্রবেশ সুবিধা উন্নয়ন - প্রকল্পের আওতায় নতুন LED ইলেকট্রনিক সাইনেজ, গাড়ি গণনাকারী যন্ত্র এবং বিদ্যমান পার্কিং স্পেস সনাক্ত করতে এবং গাড়ি চালকদের কাছে পথ নির্দেশক বার্তা প্রেরণকারী আধুনিক GPS প্রযুক্তি সমৃদ্ধ ইন্টারঅ্যাক্টিভ অ্যাক্সেস কন্ট্রোল ডিভাইস স্থাপন করা হবে।

- টার্মিনাল পুনর্বাসন ও যাত্রী সুবিধা - প্রকল্পটি এস্ক্যালেটর, রেস্টরুম, ওয়েটিং রুম এবং খাবার দোকানসহ টার্মিনাল পুনর্বাসন করবে। উন্নয়নের মধ্যে থাকবে নতুন কার্পেট, ওয়াল ফিনিশ, টেরাজো এবং টাইল ফ্লোর, জ্বালানি দক্ষ লাইট স্থাপন এবং উন্নত ইন্টারনেট সংযোগ। টার্মিনাল A এর ছাদে একটি নতুন সৌর প্যানেলের বিন্যাস স্থাপন করা হবে।

নতুন টার্মিনালের সব নির্মাণ চুক্তি সম্পন্ন হয়েছে এবং বাথরুম সংস্কার ও নতুন সৌর প্যানেল বিন্যাস ব্যবস্থার কাজ শুরু হয়েছে। এই গ্রিষ্মে অতিরিক্ত টার্মিনাল নির্মাণ কার্যক্রম শুরু হবে।

এক্সিট 3 এর কাজ দেখা যাবে এখানে। এবং পুনর্বাসিত টার্মিনালের কাজ রয়েছে এখানে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "অ্যালবেনি বিমানবন্দরের আধুনিকীকরণসহ নিউইয়র্ক এর বিমানবন্দর ও অবকাঠামোতে কৌশলগত বিনিয়োগ গুরুত্বপূর্ণ পরিবহন সুবিধা প্রদানের মাধ্যমে অঙ্গরাজ্য জুড়ে আঞ্চলিক অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সহায়তা করছে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন-এর কমিশনার ম্যারি থেরেস ডোমিংয়েজ বলেন, "পরিবহন খাতে দক্ষ বিনিয়োগের মাধ্যমে গভর্নর কুওমো এ কাজে নেতৃত্ব দিচ্ছেন যা নিরাপত্তা ও গতিশীলতা প্রদানের পাশাপাশি আঞ্চলিক অর্থনীতিকে সহায়তা করছে। এই দুই প্রকল্প অবস্থা বদলে দেবে এবং অঙ্গরাজ্যের রাজধানীর জন্য বিমানবন্দরের আধুনিকীকরণ করছে এবং হাইওয়েতে উঠে আসা যে কোনো সময়ের চেয়ে সহজ করছে, যা এই সমৃদ্ধ অঞ্চল ভ্রমণকারী বা এখানে যারা ব্যবসা করছে এমন যে কারো জন্য লাভজনক।"

জনপ্রতিনিধি পল টংকো বলেন, "নিউইয়র্ক অবকাঠামোতে বিনিয়োগের ক্ষেত্রে দেশে নেতৃত্ব প্রদান অব্যাহত রেখেছে যা সাম্প্রতিক ফেডারেল সম্পদের সাথে একত্রে আমাদের জীবনযাত্রার মান উন্নয়ন করবে, অর্থনৈতিক প্রবৃদ্ধির বাধা হ্রাস করবে এবং স্থানীয়ভাবে ভালো কর্মসংস্থান সৃষ্টি করবে বা

ধরে রাখবে। অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরের এসব উন্নয়ন পর্যটনকে সহায়তা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, যা নতুন এবং বিদ্যমান ব্যবসার বিকাশ ঘটাবে এবং আমাদের ক্যাপিটাল রিজিয়নে বসবাসকারীদের জীবন যাত্রা সহজ করে তুলবে।"

সিনেটর নিল ব্রেজলিন বলেন, "নর্থওয়ে বিমানবন্দর সংযোজক নির্মাণের পাশাপাশি অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরের উল্লেখযোগ্য উন্নতিসাধন আমাদের উত্তরাঞ্চলের অর্থনীতির চালিকা শক্তির জন্য গুরুত্বপূর্ণ। আমি এই প্রকল্পের প্রতি অঙ্গীকারের জন্য গভর্নর এবং নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবহন বিভাগকে অভিনন্দন জানাচ্ছি এবং এটি সম্পন্ন হওয়ার জন্য অপেক্ষা করছি।"

পরিষদ সদস্য ফিল পামেসানো বলেন, "অ্যালবেনি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট আমাদের অঞ্চলের অর্থনীতির এক ভিত্তি প্রস্তর। আমি এটা দেখে আনন্দিত যে, কলোনি'র এবং নিউইয়র্ক অঙ্গরাজ্যের সব বাসিন্দার জন্য যানজট কমিয়ে আনতে সংযোগ প্রকল্প প্রত্যাশার চেয়ে দ্রুতগতিতে এগিয়ে চলেছে। এই প্রকল্পের গুরুত্ব উপলব্ধি করা এবং প্রকল্পটি দক্ষতার সাথে চলমান থাকায় আমি আবারও গভর্নর কুওমো'র প্রশংসা করছি।"

"এই দু'টি প্রকল্পে অগ্রগতি নিশ্চিতভাবে দেখেই বিশ্বাস করা যায় যা অ্যালবেনি কাউন্টির অধিবাসীদের দৈনন্দিন জীবন বদলে দেবে এবং ক্যাপিটাল রিজিয়ন সফরকারী ক্রমবর্ধমান সংখ্যার পর্যটকদের অভিজ্ঞতা সমৃদ্ধ করবে। I-87 এর এই অংশের উন্নয়নে পঞ্চাশ বছর লেগে যাচ্ছে, এবং আমি এ কারণে শিহরিত যে, শেষ পর্যন্ত গভর্নর কুওমো'র সহায়তায় আমরা আমাদের এই গুরুত্বপূর্ণ অবকাঠামোতে বিনিয়োগ হতে দেখছি", **অ্যালবেনি কাউন্টির নির্বাহী ড্যানিয়েল পি. ম্যাকয় বলেন।**

কলোনি টাউন সুপারভাইজার পলা মাহান বলেন, "আমি নতুন অ্যালবেনি বিমানবন্দর সংযোজকের অর্থায়ন এবং বিমানবন্দরের প্রয়োজনীয় আধুনিকীকরণে নেতৃত্ব প্রদানের জন্য গভর্নর এম. অ্যান্ড্রুকে ধন্যবাদ জানাতে চাই। একইসঙ্গে এসব প্রকল্প কলোনি আন্তর্জাতিক বিমানবন্দরকে আরও প্রবেশযোগ্য এবং ব্যবহারকারী বান্ধব করে তুলবে, যা কলোনি শহর এবং বিস্তৃত ক্যাপিটাল ডিসট্রিক্টে একটি আধুনিক এবং সুসংগত প্রবেশপথ প্রদান করবে। এছাড়া উলফ রোড করিডোর বরাবর যানজট হ্রাস করতে সহায়তার জন্য এই শহর দীর্ঘকাল ধরে সংযোজকের দাবি জানিয়ে এসেছে। এসব প্রকল্প কলোনি এবং এর ক্যাপিটাল রিজিয়নের জন্য বিজয়!"

ক্যাপিটাল রিজিয়ন চেম্বার প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী মার্ক ইগন বলেন, "নতুন অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে সংযোজক স্থাপন অধিবাসী এবং অভ্যাগতদের অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে দ্রুত, সরাসরি প্রবেশ নিশ্চিত করবে, একইসাথে আমাদের অঞ্চলের প্রধান হাইওয়েগুলিতে যানজট হ্রাস করবে। এই অঙ্গীকারের জন্য আমি গভর্নর কুওমো'র প্রশংসা করি।"

অ্যালবেনি কাউন্টি বিমানবন্দর কর্তৃপক্ষের CEO জন ও'ডনেল বলেন, "নিউইয়র্কের বিমানবন্দরসমূহের আধুনিকীকরণে গভর্নর কুওমো'র উদ্যোগ, আমাদের নতুন 1,000 গাড়ির পার্কিং গ্যারেজ নির্মাণে তার 22 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়নের অঙ্গীকার এবং অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে টার্মিনাল উন্নয়নের জন্য আমরা তার প্রতি কৃতজ্ঞ। নতুন নর্থওয়ে এক্সিট নির্মাণের

পাশাপাশি বিমানবন্দরের উন্নয়ন আমাদের বিমান যাত্রীদের এবং সমগ্র ক্যাপিটাল রিজিয়নকে সুবিধা প্রদান করবে।"

উত্তরাঞ্চলে বিমানবন্দরসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবিতকরণ সম্পন্ন করা সম্পর্কে

200 মিলিয়ন ডলারে উত্তরাঞ্চলে বিমানবন্দরসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবিতকরণ সম্পন্ন করার ক্ষেত্রে উত্তরাঞ্চলে বিমানবন্দরসমূহের কর্তৃপক্ষকে এ অঞ্চলের নতুন গেটওয়ে হিসাবে আগামীদিনের বিমানবন্দরের বিষয়টি মাথায় রাখতে হবে। লাগার্ডিয়া এবং জন এফ কেনেডি বিমানবন্দরের জন্য গভর্নর কুওমো'র মহাপরিকল্পনা নকশার প্রতিযোগিতার (Master Plan Design Competition) সাফল্যের উপর ভিত্তি করে প্রতিযোগিতা এবং বদলে দেয়ার প্রচেষ্টা ইতোমধ্যেই দক্ষিণাঞ্চলের কয়েকটি বিমানবন্দরে চলমান রয়েছে। গভর্নর এর এভিয়েশন ক্যাপিটাল গ্রান্ট প্রোগ্রামের (Aviation Capital Grant Program) মাধ্যমে অতিরিক্ত তহবিল বরাদ্দ করা হচ্ছে, যা অঙ্গরাজ্য জুড়ে ছোট বিমানবন্দরসমূহে নিরাপত্তা, অবকাঠামো এবং অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পসমূহকে সহায়তা প্রদান করবে।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবহন বিভাগ এই প্রতিযোগিতা পরিচালনা করছে। প্রতিযোগিতার অধীনে অঙ্গরাজ্য বিমানবন্দরসমূহকে পরিকল্পনা জমা দেওয়ার আহ্বান জানিয়েছে যা:

- আঞ্চলিক অর্থনৈতিক কার্যকলাপ, কর্ম সৃজন এবং ব্যবসা আকর্ষণের ক্ষেত্রে গতি সঞ্চার করবে;
- বিমান, গেট, লাগেজ ও পার্কিং ক্ষমতা এবং প্রবেশযোগ্যতা বৃদ্ধি করবে;
- অত্যাধুনিক যাত্রী সুবিধা এবং নিরাপত্তা ব্যবস্থা তৈরি করবে;
- উদ্ভাবনী নকশার ধারণা অন্তর্ভুক্ত করবে এবং দ্রুত সম্পন্ন করার সক্ষমতাসহ সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ক্ষেত্রে উন্নয়ন ঘটাবে; এবং
- টেকসই ভবন এবং নবায়নযোগ্য জ্বালানি প্রযুক্তি অন্তর্ভুক্ত করবে।

গভর্নর কুওমো'র উত্তরাঞ্চলের বিমানবন্দরসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবন প্রতিযোগিতায় এছাড়াও এলিমিরা কর্নিং আঞ্চলিক বিমানবন্দর, বৃহত্তর রচেস্টার আন্তর্জাতিক বিমানবন্দর, প্ল্যাটসবার্গ আন্তর্জাতিক বিমানবন্দর, সিরাকজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর এবং ইথাকা টম্পকিন্স আঞ্চলিক বিমানবন্দরকে অর্থ প্রদান অন্তর্ভুক্ত রয়েছে। এসব বিমানবন্দরের সাহসী পরিকল্পনা এবং নকশা নিরাপত্তা, পরিচালনার মান ও প্রবেশযোগ্যতা বাড়াবে, পরিবেশগত প্রভাব কমাবে এবং শ্রেয়তর যাত্রী অভিজ্ঞতা সৃষ্টি করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন